



| | | | |
|-------------------------------|---|---|--------|
| নির্বাহী প্রকৌশলীর কার্যালয় | | | |
| গণপূর্ত ই/এম সার্কেল-১, ঢাকা। | | | |
| তারিখ: ২৪/০৮ | স্বাক্ষর:  | স্বাক্ষর:  | |
| অ.সং: | স.সং: | উ.সং: | নি.সং: |
| | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 প্রধান প্রকৌশলীর কার্যালয়
 গণপূর্ত অধিদপ্তর
 হিসাব শাখা-১
 পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
 www.pwd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০১৭.২১.৩৯৯

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪৩০

২৮ মে ২০২৩

বিষয়: গণপূর্ত অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন "ঢাকার গুলশান, ধানমন্ডি ও মোহাম্মদপুরে ২০টি পরিত্যক্ত বাড়ীতে ৩৯৮টি (সংশোধিত ৩১১টি) সরকারী আবাসিক ফ্ল্যাট নির্মাণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের (প্রকল্প কোড নং-২২৪০৩০৯০০) অনুকূলে চলতি ২০২২-২০২৩ আর্থিক সালে ৪র্থ কিস্তির অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে চলতি ২০২২-২০২৩ আর্থিক সালে খরচ করার জন্য মূলধন খাতে ৩য় কিস্তি বাবদ ১৬৭১.৬২ লক্ষ (ষোল কোটি একাত্তর লক্ষ বাষট্টি হাজার) টাকা নিম্নবর্ণিত বিভাজন মোতাবেক বরাদ্দ প্রদান করা হলো:

| গণপূর্ত সার্কেল | গণপূর্ত বিভাগ | কোড/খাতের বিবরণ | | অর্থ বরাদ্দ (লক্ষ টাকা) | | |
|------------------------------------|----------------------------------|-----------------|------------------------|-------------------------|---------|---------|
| | | কোড নং | খাতের নাম | রাজস্ব | মূলধন | মোট |
| গণপূর্ত রক্ষণাবেক্ষণ সার্কেল, ঢাকা | গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ, ঢাকা | ৪১১১১০১ | আবাসিক ভবন | -- | ১৯২.৬৪ | ১৯২.৬৪ |
| | | ৪১১১২০১ | অনাবাসিক ভবন | -- | ৬৫.০০ | ৬৫.০০ |
| | | ৪১১১৩১৭ | অন্যান্য ভবন ও স্থাপনা | -- | ৭৫০.০০ | ৭৫০.০০ |
| | | ৪১১১৪০১ | ল্যান্ডস্কেপিং | -- | ৪০.০০ | ৪০.০০ |
| গণপূর্ত ই/এম সার্কেল-১, ঢাকা | গণপূর্ত ই/এম বিভাগ-২, ঢাকা | ৪১১২৩০৩ | বৈদ্যুতিক সরঞ্জাম | -- | ১৮৭.৫০ | ১৮৭.৫০ |
| মোট= | | | | ০০.০০ | ১২৩৫.১৪ | ১২৩৫.১৪ |

উক্ত খরচ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত রক্ষণাবেক্ষণ সার্কেল, ঢাকা ও প্রকল্প পরিচালক এর স্মারক নং/২৫৩/১(১০) তারিখ-১৭/০৪/২০২৩খ্রিঃ এর দ্বারা মঞ্জুরীকৃত মোট= ১২৩৫.১৪ লক্ষ টাকা উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-২৯, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের হিসাবের কোড নং-৫-১৩২০৫-২২৪০৩০৯০০-৪১১১১০১, ৪১১১২০১, ৪১১১৩১৭, ৪১১১৪০১ ও ৪১১২৩০৩ খাতসমূহে ২০২২-২০২৩ আর্থিক সালের এডিপিতে বরাদ্দকৃত অর্থ হতে সংকুলান/বহন করতে হবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার যথাযথভাবে পর্যবেক্ষণ/ পালন পূর্বক খরচ করতঃ এ অধিদপ্তরকে অবহিত করতে অনুরোধ করা যাচ্ছে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে:

শর্তঃ ক) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে Public Procurement Act (PPA)-2006 এবং Public Procurement Rules (PPR)-2008 (সর্বশেষ সংশোধনীসহ) এবং প্রচলিত আর্থিক বিধি- বিধান ও অন্যান্য নিয়মাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

খ) বরাদ্দকৃত অর্থ অনুমোদিত ডিপিপি অংগভিত্তিক বরাদ্দ অনুযায়ী ব্যয় করতে হবে।

গ) উপরোক্ত অর্থ শুধু বরাদ্দের অংক নির্দেশ করে (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বর্হিভিত)।

ঘ) অর্থ ব্যয়/ কাজের বিল পরিশোধের ক্ষেত্রে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।

ঙ) চলতি আর্থিক সালে বরাদ্দকৃত অর্থ খরচ করতে হবে এবং খরচের হিসাব এ দপ্তরে দাখিল করতে হবে।